

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ৬, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ই আষাঢ় ১৪০৬/১লা জুলাই ১৯৯১

এস, আর, ও নং ১৭৯-আইন/৯১—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের ১৯শে ভাদ্র, ১৪০৫ বাৎ/৩রা সেপ্টেম্বর, ১৯৯৮ ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৯৯-আইন/৯৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের প্রথম অনুচ্ছেদ এর-(ক) “বাস, মিনিবাস, ট্রাক বা ট্যাংকলরী” শব্দগুলি ও কমাগুলি যেখানেই উল্লিখিত থাকুক না কেন, এর পরিবর্তে “বাস, মিনিবাস, কোন্টার, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংকলরী বা মালবহনকারী অটোরিক্সা” শব্দগুলি ও কমাগুলি সর্বত্র প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (১) ও (২) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১) ও (২) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(১) যদি উক্ত করদাতা বাস, মিনিবাস, কোন্টার, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংকলরী বা মালবহনকারী অটোরিক্সার মালিক হন, তাহা হইলে তাহাকে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথাঃ—

আয়করের পরিমাণ

(ক) ভাপান, কুল লাক্সারী বাস ও সোতলাবাস প্রতিটির জন্য টাকা ৭,০০০-০০

(খ) অন্যান্য বাস প্রতিটির জন্য টাকা ৬,০০০-০০

(৩৬৪৩)

মুদ্রা: টাকা ১-০০

(গ) তাপানুকূল মিনিবাস/কোন্স্টার প্রতিটির জন্য	টাকা ৫,০০০.০০
(ঘ) অন্যান্য মিনিবাস/কোন্স্টার প্রতিটির জন্য	টাকা ৪,০০০.০০
(ঙ) কন্টেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমডার প্রতিটির জন্য	টাকা ৭,০০০.০০
(চ) পাঁচটনের অধিক ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য	টাকা ৬,০০০.০০
(ছ) দেড়টনের বেশী কিন্তু পাঁচটনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য	টাকা ৪,০০০.০০
(জ) দেড়টন বা উহার কম ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা মালপরিবহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য	টাকা ১,০০০.০০

(২) দফা (১) এ বর্ণিত যানবাহন এ বিনিয়োগকৃত অর্থ এই শর্তে করমুক্ত থাকিবে যে, উক্ত যানবাহনের ক্ষেত্রে উক্ত দফায় নির্ধারিত আয়করের পরিমাণের শতকরা একশত পঁচিশ ভাগ আয়কর উক্ত যানবাহন রেজিস্ট্রেশনের সময় পরিশোধ করিতে হইবে;”;

(গ) দফা (৫) এর “সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যানবাহনের ফিটনেস নবায়ন করিবেন না” শব্দগুলির পরিবর্তে “সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংশ্লিষ্ট যানবাহনের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, ফিটনেস নবায়ন করিবে না” শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহাম্মদ আবদুস সাত্তার

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়,
ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন হুসেইন আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।